

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

সার্কুলার নং-০১/২০২৬ জে,

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

বিষয়: নবসৃজিত পারিবারিক আপীল আদালত, ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনাল এবং শিশু ধর্ষণ অপরাধ দমন ট্রাইব্যুনালে মামলা সংশ্লিষ্ট কাগজাদির সহিমোহর নকল সরবরাহকরণ সংক্রান্তে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সম্প্রতি দেশের সকল জেলায় পারিবারিক আপীল আদালত, ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনাল এবং শিশু ধর্ষণ অপরাধ দমন ট্রাইব্যুনাল গঠন করা হয়েছে এবং উক্ত আদালত/ট্রাইব্যুনালসমূহে বিচারক নিয়োগপূর্বক বিচারিক কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। তবে বর্ণিত আদালত/ট্রাইব্যুনালসমূহে সহায়ক জনবল অদ্যাবধি নিয়োগ করা হয়নি। অন্যদিকে একটি সহিমোহর নকলের কাজ সম্পন্ন করতে অনুলিপিকারক, তুলনা সহকারী ও প্রত্যয়নকারী কর্মকর্তা (Certifying Officer) হিসেবে অন্তত ০৩ জন কর্মকর্তা/ কর্মচারীর স্বাক্ষর আবশ্যিক। ফলে নবসৃজিত উক্ত আদালত/ট্রাইব্যুনালসমূহ হতে সহিমোহর নকলের কাজ সম্পন্ন করা বর্তমানে সম্ভব হচ্ছে না।

২। উল্লেখ্য যে, দেশের সকল বিভাগীয় বিশেষ জজ, বিশেষ জজ আদালতসহ অন্যান্য ট্রাইব্যুনালে পৃথক নকলখানা থাকার কোনো বিধান ক্রিমিনাল রুলস এন্ড অর্ডারস, ২০০৯-এ উল্লেখ না থাকায় এবং উক্ত আদালত/ট্রাইব্যুনালসমূহে নকলখানা পরিচালনা করার মত প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা-কর্মচারী উল্লেখ না থাকায় জেলা জজ সমপর্যায়ের সকল আদালত/ট্রাইব্যুনালের মামলা সংশ্লিষ্ট কাগজাদির সহিমোহর নকল সরবরাহকরণ সংক্রান্তে অত্র কোর্টের বিচার শাখা হতে গত ১১/০৭/২০২৩ খ্রি. তারিখে ০৪/২০২৩ জে, নং মূলে একটি সার্কুলার জারি করা হয়েছে যা বর্তমানে অধস্তন আদালত/ট্রাইব্যুনালে মামলা সংশ্লিষ্ট কাগজাদির সহিমোহর নকল প্রাপ্তির ক্ষেত্রে অনুসরণ করা হয় :

(ক) প্রশাসনিক কর্মকর্তা-এর অনুমোদিত পদ রয়েছে এমন সকল জেলা জজ সমপর্যায়ের আদালত/ট্রাইব্যুনালে উক্ত প্রশাসনিক কর্মকর্তা সহিমোহর নকলের কাজে প্রত্যয়নকারী কর্মকর্তা (Certifying Officer), স্টেনোগ্রাফার/স্টেনোটাইপিস্ট অনুলিপিকারক এবং বেঞ্চ সহকারী/ সমপর্যায়ের কর্মচারী তুলনা সহকারী হিসেবে দায়িত্ব পালন করবেন।

(খ) প্রশাসনিক কর্মকর্তা-এর অনুমোদিত পদ নেই এমন সকল জেলা জজ সমপর্যায়ের আদালত/ট্রাইব্যুনালে উক্ত আদালত/ট্রাইব্যুনালের বিচারক নিজেই প্রত্যয়নকারী কর্মকর্তা (Certifying Officer), স্টেনোগ্রাফার/স্টেনোটাইপিস্ট অনুলিপিকারক এবং বেঞ্চ সহকারী/ সমপর্যায়ের কর্মচারী তুলনা সহকারী হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। এমতাবস্থায়, দেশের সকল জেলার নবসৃজিত পারিবারিক আপীল আদালত ও ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনালে রাজস্ব খাতে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগ প্রাপ্তির পূর্ব পর্যন্ত মামলা সংশ্লিষ্ট কাগজাদির সহিমোহর নকলের কাজ বিধি মোতাবেক সংশ্লিষ্ট জেলার জেলা জজ আদালতে বিদ্যমান নকলখানা হতে এবং অনুরূপভাবে রাজস্ব খাতে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগ প্রাপ্তির পূর্ব পর্যন্ত মহানগর এলাকায় অবস্থিত শিশু ধর্ষণ অপরাধ দমন ট্রাইব্যুনালের মামলা সংশ্লিষ্ট কাগজাদির সহিমোহর নকলের কাজ সংশ্লিষ্ট জেলার চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের নকলখানা হতে এবং মহানগর ব্যতিত অন্যান্য জেলায় অবস্থিত শিশু ধর্ষণ অপরাধ দমন ট্রাইব্যুনালের মামলা সংশ্লিষ্ট কাগজাদির সহিমোহর নকলের কাজ সংশ্লিষ্ট জেলার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নকলখানা হতে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট বিচারকগণ-কে নির্দেশনা প্রদান করা হলো।

৪। এছাড়া, রাজস্ব খাতে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগ প্রাপ্তির পর হতে অত্র কোর্টের বিচার শাখা হতে গত ১১/০৭/২০২৩ খ্রি. তারিখে ০৪/২০২৩ জে, নং মূলে জারিকৃত সার্কুলার অনুসরণপূর্বক প্রতিপালনের জন্য দেশের সকল জেলার নবসৃজিত পারিবারিক আপীল আদালত, ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনাল এবং শিশু ধর্ষণ অপরাধ দমন ট্রাইব্যুনালের সংশ্লিষ্ট বিচারক-কে নির্দেশনা প্রদান করা হলো।

স্বাঃ/-

(মুহাম্মদ শরিফুর রহমান)
রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ
ফোন: ০২-২২৩৩৫৮৭৮০


স্মারক নং-১ই-৪কল-৩১/২০১৭-১৩৭৫ জে,

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, ----- (সকল)।
- ৩। মহানগর দায়রা জজ, ----- (সকল)।

- ৪। বিচারক (জেলা জজ), পারিবারিক আপীল আদালত,.....(সকল)।
 ৫। বিচারক (জেলা জজ), ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনাল,.....(সকল)।
 ৬। বিচারক (জেলা জজ), শিশু ধর্ষণ অপরাধ দমন ট্রাইব্যুনাল,.....(সকল)।
 ৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,----- (সকল)।
 ৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,----- (সকল)।
 ৯। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি----- (সকল)।
 ১০। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
 ১১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
 ১২। অফিস কপি।


 (এস.এম. সিদ্দিকাত মাহমুদ)
 সহকারী রেজিস্ট্রার (বিচার)
 ফোন: ০২-৫৫১১০৪৯৪